



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৩৯ হিজরী উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে চলছে পক্ষকালব্যাপী অনুষ্ঠানমালা

ঢাকা, ৭ ডিসেম্বর ২০১৭, বৃহস্পতিবার ॥

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৩৯ হিজরী উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে চলছে পক্ষকালব্যাপী অনুষ্ঠানমালা। গত ১ ডিসেম্বর শুক্রবার বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পক্ষকালব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধন করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন এমপি। আজ (৭ ডিসেম্বর, বৃহস্পতিবার) বাদ আসর ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম মিলনায়তনে ইসলামিক ফাউন্ডেশন ও বাংলাদেশ বেতারের যৌথ উদ্যোগে সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইসলামিক ফাউন্ডেশনের সাবেক পরিচালক নুরুল ইসলাম মানিক। এছাড়া বাদ এশা ওয়াজ মাহফিল অনুষ্ঠিত হবে। ওয়াজ পরিবেশন করবেন বায়তুল আকসা জামে মসজিদের খতিব মুফতী মাওলানা হাফিয আহমেদ নিজামী শাফী।

পক্ষকালব্যাপী বিভিন্ন অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে- বাংলাদেশ বেতারের সাথে যৌথ প্রয়োজনায় সপ্তাহব্যাপী সেমিনার, ইসলামী ক্যালিগ্রাফি, মহানবী (সা.) এর জীবনীভিত্তিক পোস্টার ও গ্রন্থ প্রদর্শনী, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও সমমানের মাদরাসার ছাত্র-ছাত্রী এবং অটিস্টিক শিক্ষার্থীদের মধ্যে ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা, 'পবিত্র ঈদে মিলাদুন্নবী সা. স্মরণিকা' প্রকাশ, মাসব্যাপী ইসলামী বই মেলা, রাসূল (সা.) এর শানে স্বরচিত কবিতা পাঠের আসর এবং কিরআত ও হামদ-না'ত মাহফিল।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬